দৈনিক সংবাদ

তারিখ 20 DEC 1992
পৃষ্ঠা ১২ কলাম ৪

55

# ঢাকা ভার্সিটিতে প্রতিবাদ মিছিল ও সমাবেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

মুক্তিযুদ্ধ বিরোধী ইসলামী ছাত্র শিবির রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধে শহীদদের গণকবরের স্মৃতিফলক ভেঙ্গে ফেলার প্রতিবাদে গতকাল শনিবার বিভিন্ন ছাত্র সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও সমাবেশ করেছে।

ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত ছাত্রলীগের (ম-ই) সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা মাহবুবুল হক শাকিল, কে, এইচ, এম লিন্টু ও পংকজ দেবনাথ।

সমাবেশে নেতারা বলেন, গণকবরের স্মৃতিফলক ভাঙ্গার মধ্য দিয়ে জামাত-শিবির চক্র বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের ওপর আঘাত হেনেছে। নেতারা অভিযোগ করে বলেন, সরকারের প্রত্যক্ষ মদতে জামাত-শিবির চক্র স্বাধীনতাবিরোধী তৎপরতা চালাচ্ছে।

## গণতান্ত্রিক ছাত্রঐক্য

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশে বক্তৃতা করেন জিয়াউল হক জিয়া ও মোস্তাক আলম টুলু।

সমাবেশে নেতারা, অবিলম্বে জামাত-শিবির চক্রকে নিষিদ্ধ করার জোর দাবি জানান। নেতারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সরকার ও জামাত-শিবিরের নীল নক্সা বাস্তবায়নের মূল হোতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে পদত্যাগে বাধ্য করানোর জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান।

## মুক্তিযোদ্ধা ছাত্র কমান্ড

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত মুক্তিযোদ্ধা ছাত্র কমান্ডের সমাবেশে বক্তারা এই সরকারকে জামাত-শিবির চক্রের দোসর হিসেবে চিহ্নিত করে বলেন, এই সরকারের প্রত্যক্ষ সহায়তায় জামাত-শিবির চক্র স্বাধীনতার পক্ষের শক্তির ওপর আঘাত হানছে।

এছাড়া ছাত্রশিবির কর্তৃক স্মৃতিফলক ভাঙ্গার প্রতিবাদে গতকাল পৃথক পৃথকভাবে মিছিল, সমাবেশ করেছে ছাত্রমৈত্রী ও মন্টু সমর্থক ছাত্রলীগ।